

(একই স্মারক ও তারিখ প্রতিস্থাপন)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
ভেড়ামারা, কুষ্টিয়া।

সংশোধিত নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা সংক্রান্ত উপজেলা নিলাম কমিটির ২২/০৮/২০২৩ তারিখের সভার কার্যবিবরণী মোতাবেক কুষ্টিয়া জেলাধীন ভেড়ামারা উপজেলার নিম্নবর্ণিত ০৬(ছয়)টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন, জরাজীর্ণ ভবন যেখানে যে অবস্থায় আছে তা নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, ভেড়ামারা, কুষ্টিয়া থেকে দরপত্র ফরম সংগ্রহপূর্বক বন্ধ খামের ভিতরে দরপত্র ও দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে আগামী ১৭/০৯/২০২৩ খ্রি: তারিখ রবিবার সকাল ০৯.০০ ঘটিকা হতে ১২.০০ ঘটিকার মধ্যে উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, ভেড়ামারা, কুষ্টিয়ায় রক্ষিত বাস্তব জমা দিতে হবে এবং ঐ দিন দুপুর ০২.০০ ঘটিকায় দরপত্র দাখিলকারীদের উপস্থিতিতে বাস্তব খোলা হবে।। উল্লেখ্য, কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল/গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষের সংরক্ষিত থাকবে।

নং	বিদ্যালয়ের নাম	মোট প্রাক্কলিত মূল্য	অপসারণ ব্যয়	নীট প্রাক্কলিত সরকারি মূল্য	মন্তব্য
১	সবুজকলি আদর্শ সপ্রাধি	২৩২৫৮৭.৪০	১৭৭৩৩১.০০	৫৫২৫৬.৪০	
২	ভেড়ামারা বোর্ড সপ্রাধি	১৩২২০৫.০০	৭০৪৬০.০০	৬১৭৪৫.০০	
৩	গোলাপনগর চাঁদ সপ্রাধি	২১১৮৫.০০	১৩৮৮৭.০০	৭২৯৮.০০	
৪	ঠাকুর দৌলতপুর সপ্রাধি	৫২৪৭৫.০০	২৯৭০২.০০	২২৭৭৩.০০	
৫	ফয়জুল্লাপুর সপ্রাধি	১৯৪৩২৫.০০	১৭৩০০৭.০০	২১৩৩৮.০০	
৬	বিস্তিপাড়া সপ্রাধি	৫৫১১৪.০০	৩২৩৪৪.০০	২২৭৭০.০০	

শর্তাবলী সমূহ

- উপর্যুক্ত প্রত্যেকটি বিদ্যালয়ের বিপরীতে পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে এবং যে বিদ্যালয়ের বিপরীতে দরপত্রে অংশগ্রহণ করতে ইচ্ছুক সে বিদ্যালয়ের নাম খামের উপরে স্পষ্ট করে লিখতে হবে।
- দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে- অডার এর মাধ্যমে উপজেলা শিক্ষা অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র মূল্য গ্রহণযোগ্য হলে নিলামে সর্বোচ্চ দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হইবে।
- বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রদান করিতে হইবে।
- নিলাম দাখিলকারী সর্বোচ্চ দরদাতা/প্রতিষ্ঠান পরবর্তী ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে ট্রেজারী চালানোর মাধ্যমে নির্ধারিত কোডে মোট মূল্য পরিশোধ করতে হবে অন্যথায় তার জামানত বাজেয়াপ্ত করা হইবে।
- নিলামে সর্বোচ্চ দরদাতা/প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনের) কার্যদিবসের মধ্যে নিলামকৃত ভবন অপসারণ করা নিতে হবে। অপসারণ কালে বিদ্যালয় বা বিদ্যালয়ের অন্যান্য ভাল সম্পত্তির ক্ষতি সাধিত হলে তাকে নিজ খরচে মেরামত/সংস্কার করে দিতে হইবে।
- নির্দিষ্ট সময়ের মধ্যে ভবনের অপসারণ কাজ সম্পন্ন করতে না পারলে দরদাতার সিডিউলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হইবে।
- প্রাথমিক শিক্ষা সংক্রান্ত উপজেলা নিলাম কমিটি কোন কারণ দর্শানো ছাড়াই সম্পূর্ণ বা আংশিকভাবে নিলাম গ্রহণ, বাতিল অথবা যেকোন ধরনের পরিবর্তন ও পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/=

(আহসান আরা)

উপজেলা শিক্ষা অফিসার

ভেড়ামারা, কুষ্টিয়া।

স্মারক নং : ৩৮.০১.৫০১৫.০০০.৩২.০০১.২২-২৯২/৩৫

তারিখ : ২৩/০৮/২০২৩ খ্রি:

অনুলিপি অবগতির জন্য:

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৩-৮। উপজেলা নির্বাহী অফিসার, ভেড়ামারা/খোকসা/কুমারখালী/দৌলতপুর/মিরপুর/কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
- ৯। মেয়র, ভেড়ামারা পৌরসভা, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ১০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ১১-২৬। উপজেলা ..... কর্মকর্তা, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ২৭-৩২। চেয়ারম্যান, জুনিয়রদহ/বাহাদুরপুর/মোকামরিমপুর/চাঁদগ্রাম/ধরমপুর/বাহিরচর ইউনিয়ন পরিষদ, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৩৩। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, ভেড়ামারা, কুষ্টিয়া।
- ৩৪। অত্র অফিসের নোটিশ বোর্ড।
- ৩৫। সংরক্ষণ নথি।

আহসান আরা

৩০.০৮-২৩  
(আহসান আরা)

উপজেলা শিক্ষা অফিসার

৩

প্রাথমিক শিক্ষা সংক্রান্ত উপজেলা নিলাম কমিটি